102

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 14 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ স্বাভাবিক রাখতে অস্ত্রধারীদের আটক করুন

## —ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ফেরদৌস হোসেন গতকাল এক বিবৃতিতে বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে একটি ছাত্র সংগঠনের দুইটি গ্রুপের মধ্যে ভয়াবহ বন্দুক যুদ্ধের কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ায় আমরা গভীরভাবে উদ্বিগ্ন। বেশ কিছুদিন ধরে বিভিন্ন ঘটনায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং ছাত্রছাত্রীরা প্রচণ্ড ক্ষতির সম্মুখীন হচ্ছে। যে মুহূর্তে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার জন্য শিক্ষক-অভিভাবকসহ সংশ্লিষ্ট সকল মহল আগ্রহী হয়ে উঠেছিল সে সময়ে দুটি গ্রুপের মধ্যে সশস্ত্র সংঘাত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে চরম বিপর্যয়ের মধ্যে নিপতিত করেছে। এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ স্বাভাবিক রাখার জন্য অবিলম্বে অস্ত্রধারী সন্ত্রাসীদের গ্রেফতার এবং ছাত্রছাত্রীদের বিভিন্ন অসুবিধা দূর করে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আমরা আহবান জানাচ্ছি।